## ২৪। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলঃ

২৪। আলোচনা-০১: উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন, উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শরীয়তপুর জেলার জাজিরা উপজেলায় জনস্বার্থ ও বাস্তবতার নিরিখে নিম্নোক্ত ছকে এ বর্নিত প্রকল্পসমূহ তিনি অদ্য সভায় উপস্থাপন করেন এবং সভাপতি মহোদয়কে প্রকল্পসমূহ অনুমোদনের জন্য অনুরোধ করেন। সভায় এই বিষয়ে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়।

| ক্র: নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত বরাদ্দ |
|---|---|---|
| ০১ | জাজিরা উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবন সংস্কার। | ৭,০০,০০০.০০ |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের ড্রেন নির্মান। | ৪,০০,০০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদের পুকুর সংস্কার ও ওয়াকওয়ে নির্মান। | ২০,০০,০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদের অভ্যন্তরে শেখ রাসেল শিশুপার্ক সংস্কার। | ৫,০০,০০০.০০ |
| ০৫ | জাজিরা উপজেলায় আনসার সদস্যদের বাসভবনের চরপাশে ড্রেন নির্মান। | ৫,০০,০০০.০০ |
| ০৬ | উপজেলা পরিষদের অভ্যন্তরে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব পাঠাগার সংস্কার। | ৫,০০,০০০.০০ |
| ০৭ | উপজেলা পরিষদের অভ্যন্তরে বন বিভাগের নার্সারীর চারপাশে কাঁটা তারের বেড়া নির্মান। | ৫,০০,০০০.০০ |
| ০৮ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের অভ্যন্তরে শিশু কিশোর সমাবেশ ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের জন্য মঞ্চ নির্মান। | ৮,০০,০০০.০০ |
| ০৯ | জাতীর পিতা শেখ মুজিবুর রহমানের ম্যুরালের চতুর্পাশ্বের স্থান সৌন্দর্যবর্ধনকরন। | ৩,০০,০০০.০০ |
| ১০ | উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষ সংস্কার। | ৩,০০,০০০.০০ |
| | মোট : | **৬৫,০০,০০০.০০** |

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে উপরের ছকে বর্নিত প্রকল্পসমূহ জনস্বার্থে ও বাস্তবতার নিরিখে অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের স্থানীয় সরকার বিভাগে থোক বরাদ্দ প্রাপ্তির লক্ষ্যে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা কে অনুরোধ জানানো হয়।

## ২৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প :

২৫। আলোচনা-০১: উপজেলা প্রকৌশলী সভায় বলেন, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় জাজিরা উপজেলা বিভিন্ন স্থান/বাজারে সোলার স্ট্রীট লাইট স্থাপন কাজের (INF-2018-19-308694-01) ই-টেন্ডার আইডি নং-৬৩৩৯৫৬ এর মাধ্যমে বাস্তবায়ন কাজ সমাপ্ত করা হয়েছে। পরিমাপ বই মোতাবেক ভ্যাট ও আয়কর সহ =১৬,১৭,৯২৭/-(ষোল লক্ষ সতের হাজার নয়শত সাতাশ) টাকার বিল প্রস্তুত করার হয়েছে। বিলটি অদ্য সভায় তিনি উপস্থাপন করেন এবং অনুমোদনের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে ই-টেন্ডার আইডি নং-৬৩৩৯৫৬ কাজের চুড়ান্ত বিল =১৬,১৭,৯২৭/-(ষোল লক্ষ সতের হাজার নয়শত সাতাশ) টাকা অদ্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ তারিক আলী সিকদার)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জাজিরা, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬৯৪.০০০.১৪.০০২.১৯- ১৭৮ (৪৫) তারিখঃ ২৬/০৪/২০২২ খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, জাজিরা পৌরসভা, জাজিরা, শরীয়তপুর।
০৩। উপজেলা ........................................ অফিসার, জাজিরা, শরীয়তপুর।
০৪। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
০৫। জনাব ........................................ জাজিরা, শরীয়তপুর।

26.04.2022

(মো: কামরুল হাসান সোহেল)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জাজিরা, শরীয়তপুর।